

শিক্ষক নিয়োগ কমিটিতে ছাত্রদল সভাপতি সদস্য

স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥ এবার রাজশাহী জেলার প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক-শিক্ষিকা নিয়োগের মৌখিক পরীক্ষার জন্য গঠিত কমিটিতে মহানগর ছাত্রদলের সভাপতিকে সদস্য করা হয়েছে। ৪ সদস্যবিশিষ্ট নিয়োগ পরীক্ষা কমিটিতে সরকারদলীয় নেতাকে সদস্য করায় রাজশাহীর বিভিন্ন মহলে ব্যাপক আলোচনার ঝড় উঠেছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, রাজশাহী জেলার বিভিন্ন সরকারী-প্রাথমিক বিদ্যালয়ে ৩১ জন প্রধান শিক্ষককে নিয়োগ দেয়ার জন্য ৩৪৯ জন প্রার্থী আজ বৃহস্পতিবার অনুষ্ঠিত মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করছেন। জেলা প্রশাসক পদাধিকারবলে নিয়োগ পরীক্ষা কমিটির সভাপতি। কমিটির অন্য সদস্যরা হলেন সচিব, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী সরকারী মহিলা কলেজের অধ্যক্ষা এবং মহানগর ছাত্রদলের সভাপতি শফিকুল হক মিলন। শেখোক্ত সদস্য নিয়োগ পরীক্ষা কমিটিতে অন্তর্ভুক্ত করায় কমিটির নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন উঠেছে।

সূত্র জানায়, মৌখিক পরীক্ষায় ২০ নম্বর রয়েছে- যা ঐ ৪ সদস্য প্রদান করবেন। এ কারণে রাজনৈতিক নেতাকে অন্তর্ভুক্ত করায় আলোচনার ঝড় উঠেছে। এ ব্যাপারে নিয়োগ পরীক্ষা কমিটির সভাপতি ও জেলা প্রশাসক আজিজ হাসান সাংবাদিকদের জানান, তিনি কমিটির সভাপতি হলেও বাকি ৩ সদস্যের মনোনয়নের বিষয়টি ঠিক হয়েছে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিবালয়

তাদের নিয়োগ দিয়ে
চিঠি পাঠিয়েছে।
এদিকে এই 'বিতর্কিত'
মনোনয়ন প্রসঙ্গে
প্রাথমিক শিক্ষা রাজশাহী
বিভাগের উপপরিচালক
আব্দুল লতিফ জনকণ্ঠকে
জানান, কমিটির
ব্যাপারে তিনি কিছুই
বলতে পারবেন না।
জেলা প্রাথমিক শিক্ষা
অফিসার এবিএম
রশিদও কোন মন্তব্য
করতে অস্বীকৃতি
জানান।